রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৯ সনের ২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ১০, ২০১৯

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১৭—২৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯—৩৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২০১—৩৬৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) ....... সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) ....... বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) ....... বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) ....... কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) ....... তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ....... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**বিএসইসি ও বিআইসিএম শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১১ নভেম্বর ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৪২১.১১.০০২.১৮-২৫৯**—বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (বিআইসিএম) এর সংঘবিধির 3.6(a)(Xiii) নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর পরিচালনা পর্ষদে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের অতিরিক্ত সচিব জনাব রমেন্দ্র নাথ বিশ্বাস-কে পুনারাদেশ না দেয়া পর্যন্ত পরিচালক পদে মনোনয়ন প্রদান করা হ'ল।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মখফার উদ্দিন খোকন**
সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**শাখা-১ (প্রশাসন)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/০৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৬.৩৯.০৪৯.১৮.৪৩৯**—অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৭-০২-২০১৮ তারিখের ০৮.০০.০০০০.০৩৬.৩৯.০৫৫.১৫(অংশ-১).১২৮ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত ইনোভেশন টিম বাতিলপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগের ০৮-০৪-২০১৩ তারিখের প্রজ্ঞাপন নং-০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৬.১৮ এর ২নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ইনোভেশন টিম নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো।

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১। | অতিরিক্ত সচিব (অডিট, রিপোর্ট ও ইনোভেশন) | চিফ ইনোভেশন অফিসার |
| ০২। | যুগ্মসচিব (এসডিজি) | সদস্য |
| ০৩। | উপসচিব (বাজেট) | সদস্য |
| ০৪। | উপসচিব (প্রশাসন) | সদস্য |
| ০৫। | উপসচিব (ইনোভেশন) | সদস্য-সচিব |

০২। পুনর্গঠিত ইনোভেশন টিমের চিফ ইনোভেশন অফিসার এবং সদস্যগণ উল্লিখিত স্মারকে বর্ণিত দায়িত্ব ও কার্যাবলী পালন করবেন।

০৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ডা. মোঃ হামিদুল হক**
উপসচিব।

---

**শাখা-৩ (শুল্ক)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/১৭ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৮৫.১৫.৬৪১**—যেহেতু, জনাব মোঃ আহসান উল্লাহ, সহকারী কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট কাস্টম হাউস, চট্টগ্রামে দায়িত্বে থাকাকালীন আমদানিকারক, Saas International, Dhaka কর্তৃক সিএন্ডএফ Meherun syndicate, CTG এর মাধ্যমে পণ্য আমদানি করে বি/ই নং-C 1257466 DT. 26-10-2016 দাখিল করা হয়। ঘোষিত পণ্যের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে তিনি আলোচ্য পণ্যচালান ১০০% কায়িক পরীক্ষা করেন। কায়িক পরীক্ষায় প্রাপ্ত পণ্য ইনভয়েস ও প্যাকিং লিষ্ট মোতাবেক সামঞ্জস্যপূর্ণ উল্লেখ করে ASYCUDA WORLD এর online এবং স্বাক্ষরিত কায়িক পরীক্ষায় প্রতিবেদন কাস্টম হাউস, চট্টগ্রামে প্রেরণ করেন। পরবর্তীতে গোপন সংবাদের ভিত্তিতে আলোচ্য পণ্য চালান শুল্ক গোয়েন্দ ও তদন্ত অধিদপ্তর, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম কর্তৃক পুনরায় ১০০% কায়িক পরীক্ষা কার্যক্রম সম্পন্ন করা হয় এবং কায়িক পরীক্ষায় ঘোষণাবহির্ভূত ১৫,৫০০ পিস পণ্য পাওয়া যায়। তদানুযায়ী তাঁর দায়িত্বে অবহেলার কারণে সরকারের আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার সুযোগ সৃষ্টি হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২(খ)(আ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে অভিযুক্ত করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬-০৭-২০১৮ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৮৫.১৫.৪৪৩ সংখ্যক স্মারকের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করে অভিযুক্তের নিকট কৈফিয়ত তলব করা হয়। তদপ্রেক্ষিতে তিনি যথারীতি লিখিত জবাব প্রদানসহ ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন;

যেহেতু, গত ০২-১০-২০১৮ খ্রিঃ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীতে অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, তার বক্তব্য শ্রবণ বিচার-বিশ্লেষণক্রমে উক্ত কর্মকর্তার বক্তব্যের বস্তুনিষ্ঠতা ও বাস্তব অবস্থার প্রেক্ষাপটে কাজের তুলনায় জনবলের স্বল্পতা এবং সময় ব্যবস্থাপনার সীমাবদ্ধতা বিবেচনাক্রমে সর্বোপরি চূড়ান্ত পর্বে বি/ই নং সি-১২৫৭৪৬৬ তারিখ, ২৬-১০-২০১৬ এর সরকারি রাজস্ব আদায় হওয়ায় এতদসংক্রান্ত সরকারি রাজস্ব ক্ষতি হয়নি;

জনাব মোঃ আহসান উল্লাহ, সহকারী কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেটকে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ২(খ)(আ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো। একই সাথে তাঁকে ভবিষ্যতে সরকারি দায়িত্ব পালনে আরো সতর্কতা অবলম্বনের নির্দেশনা প্রদান করা হলো।

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি**
সিনিয়র সচিব।

## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## কেন্দ্রীয় ব্যাংক অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ১৯ নভেম্বর ২০১৮

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৬.১৭-৬৬৭**—The Insurance Corporations Act, 1973 (Act No. VI of 1973) এর ৭(১) এবং ৭(৩) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনাব মোঃ তাফাজ্জল হোসেন ফরহাদ, সাবেক ডেপুটি ম্যানেজিং ডাইরেক্টর, গ্রীণ ডেল্টা ইন্সুরেন্স কোম্পানী-কে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তবে সর্বোচ্চ ০৩(তিন) বছর মেয়াদের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মহিন উদ্দিন**
সহকারী প্রধান।

---

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
## অধিশাখা-৩ (শুল্ক)

### প্রজ্ঞাপন

তারিখ : ১৫ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/৩০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৬১.০৮.৬৭৮**—যেহেতু, জনাব মানস কুমার বর্মন, যুগ্ম কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী এর আবেদনের প্রেক্ষিতে তাঁর অনুকূলে গত ১৬-১০-২০১৭ তারিখে ঢাকায় সুচিকিৎসা গ্রহণের জন্য ১৭-১০-২০১৭ তারিখ হতে ২০-১০-২০১৭ তারিখ পর্যন্ত মোট ০৪ (চার) দিনের নৈমিত্তিক ছুটি মঞ্জুর করা হয়। উক্ত ছুটি ভোগ শেষে তিনি ১১-১০-২০১৭ তারিখে কর্মস্থলে যোগদান না করে এবং কর্তৃপক্ষের সাথে কোন যোগাযোগ না করে ১৭-১২-২০১৭ তারিখে কত দিনের ছুটির প্রয়োজন তা উল্লেখ না করে ডাকযোগে কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে একটি অর্জিত ছুটির আবেদন করেন। তিনি ছুটি প্রয়োজনের বিষয়টি টেলিফোনে কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী-কে অবহিত করেছেন মর্মে আবেদনে উল্লেখ করলেও উক্ত অনুপস্থিতিকালীন তিনি পত্র/টেলিফোনে কোন প্রকার যোগাযোগ করেননি। অর্থাৎ তিনি তাঁর পত্রে টেলিফোনের যোগাযোগের যে বিষয়টি উপস্থাপন করেছেন তা অসত্য যা একজন সরকারি কর্মচারী সুলভ আচরণের সম্পূর্ণ পরিপন্থি। তিনি গত ১৭-১০-২০১৭ তারিখ হতে ২০-১০-২০১৭ পর্যন্ত মোট ৪ (চার) দিনের নৈমিত্তিক ছুটি ভোগ শেষে ২১-১০-২০১৭ তারিখে কর্মস্থলে যোগদান না করে গত ১৭-১২-২০১৭ তারিখে কোন প্রকার প্রমাণক ছাড়া একটি অর্জিত ছুটি আবেদন প্রেরণ করে কর্মস্থলে অনুপস্থিত থাকায় এবং অসত্য তথ্য প্রদানের মাধ্যমে কর্তৃপক্ষকে বিভ্রান্ত করায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) এবং ২(চ) বিধি অনুযায়ী যথাক্রমে 'অসাদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১৬-০৭-২০১৮ তারিখের ০৮.০০.০০০০.০৩৮.৬৫.০৮-৪৪১ সংখ্যক স্মারকের মাধ্যমে বিভাগীয় মামলা রুজু করে অভিযুক্তের নিকট কৈফিয়ত তলব করা হয়। তদপ্রেক্ষিতে তিনি যথারীতি লিখিত জবাব প্রদানসহ ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন;

যেহেতু, গত ১৬-০৯-২০১৮ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয় এবং শুনানীতে অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, তার বক্তব্য শ্রবণসহ তাঁর তৎকালীন ও বর্তমান নিয়ন্ত্রণকারী কমিশনারের মতামত/অভিমত বিচার-বিশ্লেষণ করে অভিযুক্ত কর্মকর্তার শারিরীক অসুস্থতা ও পারিবারিক সমস্যার বিষয়াদি বিবেচনা করে উক্ত কর্মকর্তাকে মানবিক কারণে অভিযোগ থেকে অব্যাহতি দেয়া যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়;

জনাব মানস কুমার বর্মন, যুগ্ম কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী-কে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) এবং ২(চ) বিধি অনুযায়ী আনীত অসাদাচরণ ও পলায়ন এর অভিযোগে হতে অব্যাহতি প্রদান করা হলো।

তাঁর অসুস্থতাজনিত অনুপস্থিতির সময়কাল অর্জিত ছুটি হিসেবে গণ্য হবে।

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি**
সিনিয়র সচিব।

---

## অধিশাখা-২ (কর)

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ৩০ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/১৫ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৭.২৭.০০৮.১৪.৮৮৯**—যেহেতু, জনাব বিদ্যুৎ নারায়ণ সরকার, সাবেক উপ মহাপরিচালক (বরখাস্তকৃত), কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি-৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এবং ৩(ডি) (i) ও ৩(ডি) (iii) অনুযায়ী "দুর্নীতিপরায়ণ (corrupt)" এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ডি) মোতাবেক এ বিভাগের ০৭-০৯-২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০০৮.১৪-৫০১ নম্বর প্রজ্ঞাপনমূলে চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from service) করা হয়।

০২। যেহেতু, তিনি উক্ত আদেশের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকাতে এ, টি-২৯১/২০১৬ নং মামলা দায়ের করেন। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা উভয় পক্ষের শুনানী অন্তে গত ১২-০৬-২০১৭ খ্রিঃ তারিখে বরখাস্ত আদেশটি অবৈধ ঘোষণা করতঃ নিম্নোক্ত রায় প্রদান করেন;

That the case be allowed on contest against the opposite party no.1 and exparte against the rests.

The impugned order issued by Opposite Party no.1 vide memo no. ০০.০৮.০০.০০০০.০৩৭.২৭.০০৮.১৪-৫০১, তারিখ : ০৭-০৯-২০১৬ ইং awarding penalty of dismissal from service upon the petitioner is declared illegal having no legal effect.

The opposite parties are directed to reinstate the petitioner in his service from the date of dismissal from service with all arrear financial benefits as permissible in law."

৩। যেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকাতে দায়েরকৃত এ, টি-২৯১/২০১৬ মামলার রায়ের বিরুদ্ধে সরকার পক্ষে গত ০৬-০৭-২০১৭ তারিখে প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে এ, এ, টি-২১১/২০১৭ নম্বর আপিল মামলা দায়ের করা হয় এবং উক্ত আপীল মামলা ১৬-০১-২০১৮ তারিখে প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালের কর্তৃক "না মঞ্জুর" হয়। পরবর্তীতে সরকার পক্ষে প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে মিস আপীল ০৭/২০১৮ দায়ের করা হলে প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে মিস আপীল ০৭/২০১৮ এর উপর ২৮-০৫-২০১৮ তারিখে বিজ্ঞ প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালের রায়ে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর এ,টি মামলা নং-২৯১/২০১৬ মঞ্জুর করে ১২-০৬-২০১৭ তারিখে প্রদত্ত রায় ও আদেশ বহাল রাখা হয়।"

৪। যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর এ,টি ২৯১/২০১৬, এ,এ,টি আপীল মামলা নং-২১১/২০১৭ এবং মিস আপীল মামলা নং-০৭/২০১৮ এর প্রেক্ষিতে ২৮-০৫-২০১৮ তারিখে প্রদত্ত রায় ও আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সরকার পক্ষে লীভ টু আপীল দায়ের করার জন্য অনুরোধ করা হলে আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে নিম্নরূপ মতামত প্রদান করা হয়।

> "প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের রায় ও আদেশ যথেষ্ট আইন ও তথ্য নির্ভর। এতদপ্রেক্ষিতে এটি ২১১/২০১৭ মামলার রায় ও আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে লীভ-টু-আপীল দায়ের করা হলে তা আইনত: গ্রহণযোগ্য হবার বা ফল লাভের সম্ভাবনা ক্ষীণ। অধিকন্তু অহেতুক রাষ্ট্রীয় অর্থ ও সময়ের অপচয় হওয়ার আশংকা রয়েছে। বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা এর এএটি ২১১/২০১৭ মামলার ২৮-০৫-২০১৮ খ্রিঃ তারিখের রায় ও আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে লীভ-টু-আপীল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।"

০৫। যেহেতু, মহামান্য রাষ্ট্রপতি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকা'র মামলা নম্বর-এ,টি ২৯১/২০১৬ এর ১২-০৬-২০১৭ তারিখের, রায় প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালের মামলা নম্বর-এ,এ,টি ২১১/২০১৭ এর ২৮-০৫-২০১৮ তারিখের রায় এবং আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত অনুযায়ী এ বিভাগের ০৭-০৯-২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০০৮.১৪-৫০১ নম্বর প্রজ্ঞাপনটি প্রত্যাহারপূর্বক জনাব বিদ্যুৎ নারায়ণ সরকার, সাবেক উপ মহাপরিচালক, কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা-কে চাকরিতে যোগদানের অনুমতি প্রদানসহ বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের মামলা নং এ,টি ২৯১/২০১৬ এর আদেশে প্রদত্ত আর্থিক সুবিধাদি প্রদানের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেন;

০৬। সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের মামলা নম্বর এটি ২৯১/২০১৬ এর ১২-০৬-২০১৭ তারিখে আদেশ মোতাবেক জনাব বিদ্যুৎ নারায়ণ সরকার, উপ মহাপরিচালক, (বরখাস্তকৃত), কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা-কে ০৭-০৯-২০১৬ তারিখ হতে সরকারি চাকরিতে পুনর্বহাল করা হলো। তিনি বরখাস্তকালীন সময়ের সকল আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

তারিখ : ২২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ/০৬ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০৩৭.৬৫.৩২২.০৯-৯৬২**—যেহেতু, জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী, সহকারী কর কমিশনার, সার্কেল-২ (কোম্পানীজ), কর অঞ্চল-খুলনা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি-৩(বি) অনুযায়ী "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগে একই বিধিমালার ৪(৩)(এ) অনুযায়ী এ বিভাগের ২০-১২-২০১৬ তারিখের ০৮.০০.০০০০. ০৩৭. ২৭.০৮০.১৩-৬৯৩ নম্বর প্রজ্ঞাপনমূলে নিম্নপদে অর্থাৎ উপ কর কমিশনার হতে সহকারী কর কমিশনার পদে পদাবনত দণ্ড প্রদান করা হয় এবং পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ডের ২১-১২-২০১৬ তারিখের ৩(২৭) কর প্রশাসন-১/২০০৫/৪৪৬ নম্বর প্রজ্ঞাপনের মাধ্যমে তাকে জাতীয় রাজস্ব বোর্ডে সংযুক্ত করা হয়;

০২। যেহেতু, উক্ত আদেশের বিরুদ্ধে জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী কর্তৃক দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকাতে এ,টি মামলা নং-১১/২০১৭ দায়ের করেন এবং বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর এ,টি মামলা নং-১১/২০১৭ এর ০৩-০৮-২০১৭ তারিখের রায়ে নিম্নরূপ আদেশ প্রদান করা হয়;

"প্রার্থীকে উপ কর কমিশনার পদ হতে নিম্নপদে পদাবনত করার গত ২০-১২-২০১৬ তারিখের বিরোধীয় দণ্ডাদেশ এবং নিম্নপদে সংযুক্তিকরণের গত ২১-১২-২০১৬ তারিখের আদেশ বেআইনী ও অকার্যকর মর্মে ঘোষণা করা হলো।

প্রার্থীকে স্বপদে বহালপূর্বক তার যাবতীয় আর্থিক ও চাকুরীর সুবিধাদি প্রদানের জন্য প্রতিপক্ষগণকে নির্দেশ প্রদান করা হলো।"

৩। যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-তে দায়েরকৃত এ,টি মামলা নং-১১/২০১৭ এর রায়ের বিরুদ্ধে সরকার তথা জাতীয় রাজস্ব বোর্ডের পক্ষে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা-তে এ,এ,টি মামলা নং-৩৬২/২০১৭ দায়ের করা হয় এবং উক্ত আপীল মামলায় উভয় পক্ষের শুনানীঅন্তে গত ২১-০৫-২০১৮ তারিখের রায়ে নিম্নোক্ত আদেশ প্রদান করা হয়;

> "এই আপীলটি একমাত্র রেসপনডেন্টের বিরুদ্ধে দোতরফা সূত্রে নামঞ্জুর করা হলো। প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা কর্তৃক ১১/২০১৭ নং এ,টি মামলা মঞ্জুর করে ০৩-০৮-২০১৭ তারিখে প্রদত্ত রায় ও আদেশ এতদ্বারা বহাল রইল।"

৪। যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর এ,টি মামলা নং-১১/২০১৭ এর ০৩-০৮-২০১৭ তারিখে প্রদত্ত রায় ও আদেশ এবং প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের এ.এ.টি মামলা নং-৩৬২/২০১৭ এর ২১-০৫-২০১৮ তারিখে প্রদত্ত রায় ও আদেশের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সরকার পক্ষে লীভ টু আপীল দায়ের করা সমীচীন হবে কি-না সে বিষয়ে মতামত প্রদানের জন্য আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ করা হলে আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে নিম্নরূপ মতামত প্রদান করা হয়;

"প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালের রায় ও আদেশ যথেষ্ট আইন ও তথ্য নির্ভর। এতদপ্রেক্ষিতে এ.এ.টি ৩৬২/২০১৭ মামলার রায় ও আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে লীভ-টু-আপীল দায়ের করা হলে তা আইনগত গ্রহণযোগ্য হবার বা ফল লাভের সম্ভাবনা ক্ষীণ। অধিকন্তু অহেতুক রাষ্ট্রীয় অর্থ ও সময়ের অপচয় হওয়ার আশংকা রয়েছে। বিজ্ঞ প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা এর এ.এ.টি ৩৬২/২০১৭ মামলার ২১-০৫-২০১৮ খ্রিঃ তারিখের রায় ও আদেশের বিরুদ্ধে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে লীভ-টু-আপীল দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।"

০৫। যেহেতু, মহামান্য রাষ্ট্রপতি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকা এর এ,টি মামলা নম্বর ১১/২০১৭ এর ০৩-০৮-২০১৭ তারিখের, রায় ও আদেশ, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা এর এ.এ.টি মামলা নং ৩৬২/২০১৭ এর ২১-০৫-২০১৮ তারিখের রায় ও আদেশ, এবং আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০-১২-২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮০.১৩-৬৯৩ নম্বর প্রজ্ঞাপনটি প্রত্যাহারপূর্বক জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী, সহকারী কর কমিশনার, সার্কেল-২ (কোম্পানীজ), কর অঞ্চল-খুলনা-কে উপ কর কমিশনার পদে বহালকরণসহ বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের এ,টি মামলা নং ১১/২০১৭ এর আদেশে প্রদত্ত আর্থিক সুবিধাদি প্রদানের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন করেন;

০৬। সেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকা এর এ,টি মামলা নম্বর-১১/২০১৭ এর ০৩-০৮-২০১৭ তারিখের রায় ও আদেশ, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ঢাকা এর এ.এ.টি মামলা নং ৩৬২/২০১৭ এর ২১-০৫-২০১৮ তারিখের রায় ও আদেশ এবং আইন ও বিচার বিভাগ, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামত অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২০-১২-২০১৬ তারিখের ০৮.০০.০০০০.০৩৭.২৭.০৮০.১৩-৬৯৩নম্বর প্রজ্ঞাপনটি প্রত্যাহারপূর্বক জনাব মোহাম্মদ আমিরুল করিম মুন্সী, সহকারী কর কমিশনার, সার্কেল-২ (কোম্পানীজ), কর অঞ্চল-খুলনা-কে ২০-১২-২০১৬ তারিখ হতে উপ কর কমিশনার পদে পুনর্বহাল করা হলো। তিনি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের এ,টি মামলা নং ১১/২০১৭ এর আদেশে প্রদত্ত আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া এনডিসি**
সিনিয়র সচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৬

### আদেশাবলী

তারিখ : ২৯ কার্তিক ১৪২৫ বঃ/১৩ নভেম্বর ২০১৮ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৫৩/২০১৮-৫২২**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে গাজীপুর জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব ফাতেমা কবীর, পিতাঃ এম এ কবীর-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পুর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৫ বঃ /১৫ নভেম্বর ২০১৮ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৫২/২০১৮-৫২৪**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোঃ ওয়াছেল উদ্দীন, পিতাঃ মরহুম মোমিন উদ্দিন মোল্লা-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পুর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ : ১২ অগ্রহায়ণ ১৪২৫ বঃ /২৬ নভেম্বর ২০১৮ খ্রিঃ

**নং আর-৬/৭এন-৬০/২০১৮-৫৩২**—সরকার নোটারী অধ্যাদেশ, ১৯৬১ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে বান্দরবান জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব সারা সুদীপা ইউনুস, পিতাঃ মরহুম প্রফেসর মোহাম্মদ ইউনুস-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩ (তিন) বৎসরের মেয়াদের জন্য নিয়োগ করিল:

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পুর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহেল আহমেদ**
উপসচিব (প্রশাসন-২)।

## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ : ২০ নভেম্বর ২০১৮ খ্রিঃ

**নং বিচার-৭/২এন-৪০/২০১২-৬৬৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব মোঃ শাহ্জাহান, পিতা-মৃত আবুল বাশার, মাতা-আছিয়া খাতুন, গ্রাম-বামনারটেক, ডাকঘর-নিশাতনগর, থানা-তুরাগ, জেলা-ঢাকা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ৫৩ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

০২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

০৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃ নির্ধারণ করিতে পারিবে বা উপযুক্ত কারণ সাপেক্ষে বাতিল/স্থগিত করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ নিষেধাজ্ঞা বা স্থগিতাদেশ থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্‌মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন শাখা-৬

### প্রজ্ঞাপন

তারিখ : ১২ অগ্রহায়ণ ১৪২৫/২৬ নভেম্বর ২০১৮

**নং ২৫.০০.০০০০.০১৯.০৩.০২.১৯৯৭-৬৯৯**—খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ এর ধারা ৫ এর ১(ণ) উপধারা ও ২ উপধারা অনুযায়ী শেখ আকরাম হোসেন (বীর) মুক্তিযোদ্ধা), পিতা-শহীদ মাহতাব উদ্দিন, ঠিকানা-শিরোমনি, খানজাহান আলী, খুলনা কে সরকার ০৩ বছরের জন্য নিয়োগ প্রদান করলেন।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ছিদ্দিকুর রহমান**
উপসচিব।

## কৃষি মন্ত্রণালয়
## সম্প্রসারণ-৪ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ০৬ ডিসেম্বর ২০১৮

**নং ১২.০০.০০০০.০৫৪.২৭.০০৩.১৮-৩৫**—কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কর্মকর্তা জনাব সৈয়দ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক (অর্থ) (চলতি দায়িত্ব) এর বিরুদ্ধে উপজেলা পর্যায়ে অর্থ বরাদ্দের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ না করা এবং সদর দপ্তরের স্টেশনারী এবং কম্পিউটার খাতের প্রায় সমুদয় অর্থ ১০,০০০/- (দশ হাজার) টাকা খণ্ড খণ্ড ভাউচারে উত্তোলন করা এবং এক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ না করার অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। সাময়িক বরখাস্ত থাকাকালীন তিনি বিধি মোতাবেক খোরপোষ ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

০৩। ইহা আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

**মোঃ নাসিরুজ্জামান**
ভারপ্রাপ্ত সচিব।

---

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়
## পাট-২ শাখা

### অফিস আদেশাবলী

তারিখ : ১১ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/২৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২(অংশ-৮)-৩৪৫**—বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আগামী ৬ মার্চ, ২০১৯ তারিখে “জাতীয় পাট দিবস” এবং ০৩ (তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা অনুষ্ঠিত হবে। জাতীয় পাট দিবস এবং মেলা উদযাপনের কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত **“জাতীয় কমিটি গঠন”** হলো :

**সভাপতি**

১. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৩. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়
৫. রাষ্ট্রপতির সাময়িক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়।
৬. গভর্নর, বাংলাদেশ ব্যাংক
৭. সিনিয়র সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়
৮. সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়
৯. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
১০. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগ
১১. সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ
১২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
১৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
১৪. সচিব, ভূমি মন্ত্রণালয়

১৫. মহা পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা

১৬. সচিব, কৃষি মন্ত্রণালয়

১৭. সচিব, তথ্য মন্ত্রণালয়

১৮. সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

১৯. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২০. সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়

২১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

২২. সচিব, খাদ্য মন্ত্রণালয়

২৩. সচিব, শিল্প মন্ত্রণালয়

২৪. ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর/শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

২৫. মহাপরিচালক, র‍্যাব, ঢাকা

২৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি করপোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন।

২৭. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

২৮. চেয়ারম্যান, বাংলাদেশ ট্যারিফ কমিশন

২৯. চেয়ারম্যান, বিজেএমসি

৩০. মহাপরিচালক, পাট অধিদপ্তর

৩১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা

৩২. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা

৩৩. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর ঢাকা

৩৪. ভাইস চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা

৩৫. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), ঢাকা।

৩৬. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য মন্ত্রণালয়

৩৭. সভাপতি/ সাধারণ সম্পাদক, জাতীয় প্রেস ক্লাব

৩৮. প্রধান তথ্য অফিসার, তথ্য অফিসার বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩৯. সভাপতি, বাংলাদেশ ফেডারেশন অব চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ঢাকা।

৪০. সভাপতি, বিজেএ/বিজেএসএ/বিজেএমএ/বিজেজিএ/ বিজেইএ, ঢাকা।

৪১. মহাসচিব, বিজেএলএমএ, ঢাকা

৪২. চেয়ারম্যান, শীপার্স কাউন্সিলর অব বাংলাদেশ, ঢাকা

৪৩. সভাপতি, বাংলাদেশ চালকল এসোসিয়েশন, ঢাকা

৪৪. সভাপতি, বাংলাদেশ পাটচাষী সমবায় সমিতি, ঢাকা

৪৫. সভাপতি, কনজুমার এসোসিয়েশন অব বাংলাদেশ, ঢাকা

৪৬. সভাপতি বেসরকারি রেডিও মালিক সমিতি

৪৭. সভাপতি, বেসরকারি টেলিভিশন মালিক সমিতি

**সদস্য-সচিব**

৪৮. অতিরিক্ত সচিব (প্রশাসন), বস্ত্র ও পাট মন্ত্রণালয়

**কমিটির কার্যপরিধি :**

০১. জাতীয় পাট দিবসের কর্মসূচি প্রণয়ন ও অনুমোদন;

০২. কর্মসূচি বাস্তবায়নে নির্দেশনা প্রদান ও তদারকি।

**নং ২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২(অংশ-৮)-৩৪৬**—বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আগামী ৬ মার্চ, ২০১৯ তারিখে "জাতীয় পাট দিবস" এবং ০৩ (তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা উদযাপন উপলক্ষে নিম্নরূপ প্রতিনিধিদের সমন্বয়ে একটি জেলা কমিটি গঠন করা হলো :

**উপদেষ্টা**

১. মাননীয় সংসদ সদস্যবৃন্দ/সংশ্লিষ্ট সিটি করপোরেশনের মাননীয় মেয়র/জেলা পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র।

**সভাপতি**

২. জেলা প্রশাসক

**সদস্যবৃন্দ**

৩. পুলিশ সুপার

৪. উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

৫. সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

৬. সরকারি/বেসরকারি স্কুলে শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

৭. উপমহাব্যবস্থাপক (সকল ব্যাংক)

৮. উপপরিচালক, বিআরডিবি

৯. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

১০. জেলা এডজুটেন্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি

১১. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

১২. জেলা খাদ্য নিয়ন্ত্রক

১৩. সভাপতি, জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি

১৪. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

১৫. সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান

১৬. সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান

১৭. সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা)

১৮. সদর উপজেলা নির্বাহী অফিসার

১৯. সিনিয়র তথ্য অফিসার/জেলা তথ্য অফিসার

২০. বেতার/টিভির আঞ্চলিক কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে)

২১. জেলা শিক্ষা অফিসার

২২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

২৩. জেলা সমবায় কর্মকর্তা

২৪. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

২৫. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর

২৬. কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা সংসদ

২৭. সভাপতি, প্রেসক্লাব

২৮. সভাপতি, জেলা চাউল ব্যবসায়ী মালিক সমিতি

২৯. সভাপতি, জেলা অটোরাইজ মিলস এসোসিয়েশন

৩০. সভাপতি, জেলা অটো মেজর এন্ড হাসকিং মিলস ওনার্স এসোসিয়েশন।

৩১. সভাপতি, জেলা পাটচাষী সমিতি

৩২. এনজিও প্রতিনিধি (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

**সদস্য-সচিব**

৩৩. সহকারী পরিচালক/পাট উন্নয়ন কর্মকর্তা, পাট অধিদপ্তর

**কমিটির কার্যপরিধি :**

ক. জেলা পর্যায়ের জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন;

খ. বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয়ের তদারকি করা;

গ. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

তারিখ : ১৮ অগ্রহায়ণ ১৪২৫ বঙ্গাব্দ/০২ ডিসেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২(অংশ-৮)-৩৫০**—বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আগামী ৬ মার্চ, ২০১৯ তারিখে "জাতীয় পাট দিবস" এবং ০৩ (তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা অনুষ্ঠিত হবে। জাতীয় পাট দিবস এবং মেলা উদযাপনের কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত "উপজেলা কমিটি গঠন" করা হলো :

**উপদেষ্টা**

০১. মাননীয় সংসদ সদস্য/উপজেলা চেয়ারম্যান/সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ।

**সভাপতি**

০২. উপজেলা নির্বাহী কর্মকর্তা

**সদস্যবৃন্দ**

০৩. সহকারী পুলিশ সুপার/ভারপ্রাপ্ত কর্মকর্তা

০৪. উপজেলা কৃষি কর্মকর্তা

০৫. সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)।

০৬. সরকারি/বেসরকারি স্কুলে শিক্ষক (১ জন, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত)।

০৭. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট থানা

০৯. উজেলা এডজুটেন্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি

১০. যুব উন্নয়ন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর

১১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

১২. উপজেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

১৩. সিনিয়র তথ্য অফিসার/জেলা তথ্য অফিসার

১৪. বেতার/টিভির আঞ্চলিক কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে)

১৫. উপজেলা শিক্ষা অফিসার

১৬. উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার

১৭. উপজেলা সমন্বয় কর্মকর্তা

১৯. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

২০. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর

২১. কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ

২২. সভাপতি, প্রেসক্লাব

২৩. এনজিও প্রতিনিধি ১ জন (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

**সদস্য-সচিব**

২৪. উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা/মুখ্য পরিদর্শক/পরিদর্শক, পাট অধিদপ্তর

কমিটির কার্যপরিধি :

০১. উপজেলা পর্যায়ের জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ণ ও বাস্তবায়ন।

০২. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

**নং ২৪.০০.০০০০.১১৯.২২.০১৪.১২(অংশ-৮)-৩৫১**—বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আগামী ৬ মার্চ, ২০১৯ তারিখে "জাতীয় পাট দিবস" এবং ০৩ (তিন) দিন ব্যাপী বহুমুখী পাটজাত পণ্যের মেলা অনুষ্ঠিত হবে। জাতীয় পাট দিবস এবং মেলা উদযাপনের কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়নের নিমিত্ত **"পার্বত্য জেলা কমিটি গঠন"** হলো :

**উপদেষ্টা**

০১. মাননীয় সংসদ সদস্য

**সভাপতি**

০২. মাননীয় চেয়ারম্যান, সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদ

**সদস্যবৃন্দ**

০৩. জেলা প্রশাসকের প্রতিনিধি

০৪. পুলিশ সুপারের প্রতিনিধি

০৫. পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের প্রতিনিধি

০৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, স্থানীয় সরকার পরিষদ।

০৭. সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

০৮. সরকারি/বেসরকারি স্কুলে শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

০৯. উপমহাব্যবস্থাপক বাংলাদেশ কৃষি ব্যাংক

১০. উপপরিচালক, বিআরডিবি

১১. জেলা এডজুটেন্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি

১২. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

১৩. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

১৪. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

১৫. জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

১৬. সদর উপজেলা নির্বাহী অফিসার

১৭. জেলা সমবায় কর্মকর্তা

১৮. জেলা শিক্ষা অফিসার

১৯. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

২০. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

২১. সিনিয়র তথ্য অফিসার/জেলা তথ্য অফিসার

২২. বেতার/টিভির আঞ্চলিক কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে)

২৩. কমান্ডার, জেলা মুক্তিযোদ্ধা সংসদ

২৪. সভাপতি, প্রেসক্লাব

২৫. এনজিও প্রতিনিধি (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)।

**সদস্য-সচিব**

২৬. উপপরিচালক/সহকারী পরিচালক/ইন্সপেক্টর

**কমিটির কার্যপরিধি :**

০১. পার্বত্য জেলা পর্যায়ের জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন।

০২. কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

**মোঃ হায়দার আলী মোল্লা**
সহকারী সচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**(টি. ও-২ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ অগ্রহায়ণ ১৪২৫/১৮ নভেম্বর ২০১৮

**নং ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০২৭.১৭/৩০২**—যেহেতু, Bangladesh API and Intermediaries Manufacturers Association বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর অধীনে বাণিজ্য মন্ত্রণালয় হতে লাইসেন্সপ্রাপ্ত (লাইসেন্স নং-০৬/২০১৮) বাণিজ্য সংগঠন;

যেহেতু, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি (লাইসেন্স নং-০৩/১৯৭৩) নামে একটি নিবন্ধিত বাণিজ্য সংগঠন রয়েছে;

যেহেতু, Bangladesh API and Intermediaries Manufacturers Association এর সদস্য সংখ্যা স্বল্প, মাত্র ০৯(নয়) জন এবং তাদের অধিকাংশ সদস্যই বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির সদস্য;

যেহেতু, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, Bangladesh API and Intermediaries Manufacturers Association এর বিরুদ্ধে দি ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি বরাবর লিখিত পত্র প্রেরণ করে বাণিজ্য মন্ত্রণালয় বরাবর অনুলিপি প্রেরণ করেছে এবং পত্রে বাংলাদেশে তৈরী ঔষধ এবং ঔষধের কাঁচামাল উৎপাদনকারী সকল প্রতিষ্ঠানসমূহের একমাত্র প্রতিনিধিত্বকারি ও স্বীকৃত সংগঠন বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি উল্লেখ করে বিভ্রান্তি দূরীকরণের লক্ষ্যে অন্য কোন সংগঠনকে অনুমোদন না দেওয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়েছে;

যেহেতু, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি ও Bangladesh API and Intermediaries Manufacturers Association উভয় সংগঠনের উদ্দেশ্যে মিল আছে এবং একই খাতে বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি নামক লাইসেন্সপ্রাপ্ত সংগঠন থাকায় Bangladesh API and Intermediaries Manufacturers Association এর অনুকূলে টি.ও লাইসেন্স প্রদান দি ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রি সমর্থন করে না মর্মে জানিয়েছে;

যেহেতু, বাস্তবায়নাধীন Active Pharmaceutical Ingredients (API) Industrial Park এ যে সকল বিনিয়োগ করা হচ্ছে বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি তা সমন্বয় করছে এবং শিল্প পার্ক এপিআই খাতে বিনিয়োগকারী সকল প্রতিষ্ঠান বাংলাদেশ ঔষধ শিল্প সমিতির সদস্য;

যেহেতু, ০২ আগস্ট ২০১৮ তারিখে Bangladesh API and Intermediaries Manufacturers Association এর অনুকূলে ইস্যুকৃত টি.ও লাইসেন্স কেন বাতিল করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হয় এবং উক্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক গণ্য না হওয়ায় বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ৪ক ধারা অনুযায়ী লাইসেন্স বাতিল করার নিমিত্ত শুনানি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, ১২ নভেম্বর ২০১৮ তারিখে Bangladesh API and Intermediaries Manufacturers Association এর অনুকূলে ইস্যুকৃত টি. ও লাইসেন্স কেন বাতিল করা হবে না সে বিষয়ে শুনানি গ্রহণ করা হয় এবং শুনানিকালে প্রতীয়মান হয় যে, বাংলাদেশে ঔষধ এবং ঔষধের কাঁচামাল উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের প্রতিনিধিত্বকারী একটি সংগঠন থাকাই যথেষ্ট, একাধিক সংগঠন থাকার প্রয়োজন নেই;

যেহেতু, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি ঔষধ এবং ঔষধের কাঁচামাল উভয় পণ্যই উৎপাদান করছে;

যেহেতু, Bangladesh API and Intermediaries Manufacturers Association প্রদত্ত টি. ও লাইসেন্সের শর্তানুযায়ী [০২ (ঘ)(ঙ) এবং ০৩ নং শর্ত] তথ্য যথাসময়ে এ মন্ত্রণালয়ে জমা দেয়নি;

যেহেতু, উপর্যুক্ত প্রেক্ষিতে শুনানি অন্তে Bangladesh API and Intermediaries Manufacturers Association এর লাইসেন্স বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু,বাণিজ্য সংগঠন অধ্যাদেশ, ১৯৬১ এর ৪ক ধারা এবং বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এর ১১ বিধি অনুযায়ী Bangladesh API and Intermediaries Manufacturers Association এর অনুকূলে ০৯ এপ্রিল ২০১৮ তারিখে প্রদত্ত টি.ও লাইসেন্স (লাইসেন্স নং-০৬/২০১৮) [IC-No. TO 961/2018] এতদ্বারা নির্দেশক্রমে বাতিল করা হলো।

**মোঃ ওবায়দুল আজম**
পরিচালক (অতিরিক্ত সচিব)
বাণিজ্য সংগঠন।

---

**(টি. ও-২ অধিশাখা)**

**পরিপত্র**

তারিখ : ১৪ অগ্রহায়ণ ১৪২৫/২৮ নভেম্বর ২০১৮

**নং ২৬.০০.০০০০.১৫৭.৩৩.০২৪.৯৪/৩২০**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সিরামিক ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন এর আবেদনের প্রেক্ষিতে বাণিজ্য সংগঠন অধ্যাদেশ ১৯৬১ এর ১৩ ধারার বিধানমতে সিরামিক উৎপাদনকারী ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাংলাদেশ সিরামিক ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনের সদস্যপদ বাধ্যতামূলক গ্রহণ করার বিষয়ে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। এমতাবস্থায় সিরামিক উৎপাদনকারী ও রপ্তানিকারক প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাংলাদেশ সিরামিক ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশনের সদস্যপদ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**মোঃ ওবায়দুল আজম**
পরিচালক, বাণিজ্য সংগঠন
ও
অতিরিক্ত সচিব।

**পানি সম্পদ মন্ত্রণালয়**

**প্রশাসন-১ শাখা**

**সরকারি আদেশ**

তারিখ : ০১ অগ্রহায়ণ ১৪২৫/১৫ নভেম্বর ২০১৮

**নং ৪২.০০.০০০০.০৩১.১৫.০৫০.১৬-৫৯৬**—পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর জন্য অস্থায়ীভাবে সৃষ্ট নিম্নবর্ণিত বিভিন্ন ক্যাটাগরির ৪৭ (সাতচল্লিশ) টি পদ ০১-০৬-২০১৮ হতে ৩১-০৫-২০১৯ তারিখ পর্যন্ত সংরক্ষণে আদিষ্টক্রমে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো:

| ক্রঃ নং | পদের নাম | অর্থ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারণকৃত বেতন (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১) | মহাপরিচালক | প্রেষণে | ০১ (এক)টি | |
| ২) | পরিচালক (প্রশাসন ও অর্থ) | ৫০০০০-৭১২০০/- (৪নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ৩) | উপ-পরিচালক (কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য) | ৩৫৫০০-৬৭০১০/- (৬নং গ্রেড) | ০২(দুই)টি | |
| ৪) | সহকারী প্রোগ্রামার (ভূমি ও পরিবেশ) | ২২০০০-৫৩০৬০/- (৯নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ৫) | সহকারী পরিচালক (কিশোরগঞ্জ ও সুনামগঞ্জ আঞ্চলিক কার্যালয়ের জন্য) | ২২০০০-৫৩০৬০/- (৯নং গ্রেড) | ০২ (দুই)টি | |
| ৬) | মাঠ কর্মকর্তা | ১৬০০০-৩৮৬৪০/- (১০নং গ্রেড) | ০৪ (চার)টি | |
| ৭) | হিসাব রক্ষক | ১০২০০-২৪৬৮০/- (১৪নং গ্রেড) | ০১ (এক)টি | |
| ৮) | হিসাব সহকারী | ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড) | ০২ (দুই)টি | |
| ৯) | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড) | ০৩ (তিন)টি | |
| ১০) | ব্যক্তিগত সহকারী | ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড) | ০৩ (তিন)টি | |
| ১১) | ডাটা এন্ট্রি অপারেটর | ৯৩০০-২২৪৯০/- (১৬নং গ্রেড)<br>১০২০০-২৪৬৮০/- (১৪নং গ্রেড) | ০৩ (তিন)টি | |
| ১২) | গাড়ী চালক | - | ০৫ (পাঁচ)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ১৩) | ইঞ্জিন বোট চালক | - | ০২ (দুই)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ১৪) | বার্তাবাহক | - | ০৩ (তিন)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ১৫) | অফিস সহায়ক | - | ০৯ (নয়)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ১৬) | নিরাপত্তা প্রহরী | - | ০৩ (তিন)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| ১৭) | স্পীড বোট চালক | - | ০২ (দুই)টি | আউট সোর্সিং এর মাধ্যমে |
| | | | ৪৭ (সাতচল্লিশ)টি | |

২। উপর্যুক্ত অস্থায়ী পদের বেতন ও ভাতাদিসহ আনুষঙ্গিক ব্যয় ২০১৮-২০১৯ অর্থ বছরে সাংবিধানিক কোড নং-১৪৭, পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় প্রাতিষ্ঠানিক কোড-১৪৭০২০১;, অপারেশন কোড-১৪৭০২০১১৩০২১৮, অর্থনৈতিক কোড-৩১, সাধারণ মঞ্জুরী ও অন্যান্য মঞ্জুরী এবং বেতন বাবদ সহায়তা খাতে বরাদ্দকৃত অর্থ থেকে এ ব্যয় নির্বাহ করতে হবে।

৩। এ আদেশ জারিতে সকল আনুষ্ঠানিকতা পালন করা হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

**এম. শান-ই-আলম মিষ্টি**
সিনিয়র সহকারি সচিব।

**[একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত]**

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**

**স্বাস্থ্য সেবা বিভাগ**

**নির্মাণ অধিশাখা**

**আদেশ**

তারিখ : ২৩ ডিসেম্বর ২০১৮ খ্রিঃ

নং **৪৫.০০.০০০০.১৫৬.১৫.০৩৫.১৮-৭৩১**—আদিষ্ট হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮-০৭-২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০. ১৫৯.১৫.০১৫.১৮-২০৯ সংখ্যক, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অধিশাখা-৬ এর ০৯-০৯-২০১৮ খ্রিঃ তারিখের ০৭.১৫৬.০১৫.৪৫.০২.১৩.২০০৯-৪৪৪ সংখ্যক, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-৩ এর ০৭-১০-২০১৮ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৬৩.৪৫.০৩২.১২-২৯৮, মন্ত্রিপরিষদ বিভাগের প্রশাসনিক উন্নয়ন ও সমন্বয়-১ অধিশাখার ১৪-১১-২০১৮ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৮.১৮-৬১২ সংখ্যক স্মারকসমূহের সম্মতি/সুপারিশ এবং মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনের প্রেক্ষিতে নিম্নরূপভাবে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান প্রকৌশলী পদটি ৩য় গ্রেড থেকে ২য় গ্রেডে উন্নীতকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

| ক্রঃ নং | পদের নাম | বিদ্যমান বেতন গ্রেড (জাঃবেঃস্কেঃ ২০১৫ অনুযায়ী) | উন্নীতকৃত বেতন গ্রেড (জাঃবেঃস্কেঃ ২০১৫ অনুযায়ী) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | প্রধান প্রকৌশলী | গ্রেড-৩ (টাঃ ৫৬৫০০—৭৪৪০০) | গ্রেড-৩ (টাঃ ৬৬০০০—৭৬৪৯০) | **পদোন্নতির ক্ষেত্রে:** অতিরিক্ত প্রধান প্রকৌশলী পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১৮(আঠার) বৎসরের চাকরি।<br>পদোন্নতির যোগ্য প্রার্থী পওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>ক্যাডার বা বিভাগের প্রধান প্রকৌশলী অথবা প্রধান প্রকৌশলী হিসেবে নিয়োগলাভের যোগ্য এমন কোন কর্মচারী। |

২। এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলমগীর হোসেন**
উপসচিব।